# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫০১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯১২]

১১. কিতাবুল জুমআ বা জুমআ পর্ব (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ জুমআর দিনের আযান

باب الأَذَانِ يَوْمَ الْجُمُعَةِ

---

আরবী

[illegible]ـ عَنِ السَّائِبِ بْنِ يَزِيدَ قَالَ: كَانَ النِّدَاءُ يَوْمَ الْجُمُعَةِ أَوَّلُهُ إِذَا جَلَسَ الإِمَامُ عَلَى الْمِنْبَرِ عَلَى عَهْدِ النَّبِيِّ وَأَبِي بَكْرٍ وَعُمَرَ رَضِيَ اللَّه عَنْهما، فَلَمَّا كَانَ عُثْمَانُ وَكَثُرَ النَّاسُ زَادَ النِّدَاءَ الثَّالِثَ عَلَى الزَّوْرَاءِ.(بخارى:[illegible]

বাংলা

৫০১) সায়েব বিন ইয়াযীদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আবু বকর এবং উমার (রাঃ)এর যামানায় জুমআর দিন ইমাম যখন মিম্বারে বসতেন তখন প্রথম আযান দেয়া হত। উছমান (রাঃ) যখন খলীফা হলেন এবং লোকজনের সংখ্যা বেড়ে গেল তখন তিনি যাওরা নামক স্থানে তৃতীয় আযান বৃদ্ধি করলেন।

টিকাঃ জুমআর আসল আযান হল যা ইমাম মিম্বারের উপর বসলে দেয়া হয়। এ হাদীছে জুমআর নামাযের ইকামতকে দ্বিতীয় আযান বলা হয়েছে। কারণ একামতের শব্দগুলো আযানের শব্দ হতেই নেয়া হয়েছে। পরবর্তীতে উছমান (রাঃ) যে আযান চালু করেছেন তাকে অত্র হাদীছের ভাষায় তৃতীয় আযান বলা হয়েছে। তা ছাড়া আযান ও একামতের উদ্দেশ্যও অভিন্ন। আজকাল এটিকেই প্রথম আযান বলা হয়।

উছমান (রাঃ) যে প্রয়োজনে এ আযানটি চালু করেছিলেন কোন ইসলামী সমাজে সে ধরণের প্রয়োজন বর্তমান থাকলে আযানটি চালু রাখাতে কোন অসুবিধা নেই।

## English

Adhan on Friday (for the Jumu'ah prayer)

Narrated As-Saib bin Yazid:

In the lifetime of the Prophet, Abu Bakr and `Umar, the Adhan for the Jumua prayer used to be pronounced when the Imam sat on the pulpit. But during

the Caliphate of `Uthman when the Muslims increased in number, a third Adhan at Az-Zaura' was added. Abu `Abdullah said, "Az-Zaura' is a place in the market of Medina."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ সায়িব ইবনু ইয়াযীদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89799

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন